দৈনিক
ইত্তেফাক

তারিখ : 07 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের তৃতীয় বর্ষের পরীক্ষার সময়সূচি পুন: নির্ধারণ

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪ সালের তৃতীয় বর্ষ সম্মান শ্রেণির পূর্ব-ঘোষিত সময়সূচি পুনঃনির্ধারণ করা হয়েছে। এ পরীক্ষা আগামী ৩ ফেব্রুয়ারি থেকে শুরুর সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। পুনঃনির্ধারিত সময়সূচি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.edu.bd) পাওয়া যাবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানায়, পরীক্ষার্থীদের আবেদনের পরিপ্রেক্ষিতে তাদের পরীক্ষার সময়সূচি পুনঃনির্ধারিত হয়েছে।

বুধবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর সূত্র জানায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের সেশনজট থেকে মুক্ত করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পূর্বেই ২০১৮ সাল পর্যন্ত অনুষ্ঠিতব্য সকল পরীক্ষার সম্ভাব্য সময়সূচি উল্লেখ করে একটি ক্র্যাশ প্রোগ্রাম ঘোষণা করে। সে অনুযায়ী ২০১৪ সালের অনার্স ৩য় বর্ষের শিক্ষার্থীদের ক্লাস শুরু, পরীক্ষার ফরম পূরণ, পরীক্ষা শুরু, ফল প্রকাশ ইত্যাদি তাদের ক্লাস শুরুর আগেই জানিয়ে দেয়া হয়। বিগত এক বছরে বিভিন্ন পরীক্ষা গ্রহণ এবং পরীক্ষার ফল নির্ধারিত সময়ে প্রকাশও করা হয়েছে। সেশনজট নিরসনের লক্ষ্যে ক্রাশ প্রোগ্রাম এমনভাবে বিন্যস্ত করা হয়েছে যে, এতে হেরফের ঘটানোর কার্যত কোনো অবকাশ নেই। ক্রাশ প্রোগ্রামে বর্ণিত সময়সূচি অনুযায়ী পরীক্ষাসমূহ অনুষ্ঠান ও ফল প্রকাশ না হলে, সেশনজট থেকে উত্তরণ কিছুতেই সম্ভব নয়। সুযোগ না থাকা সত্ত্বেও ৩য় বর্ষের পরীক্ষার্থীদের দাবি বিবেচনা করে পরীক্ষার সময়সূচি পুন: নির্ধারণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়কে ঘোষিত ক্র্যাশ প্রোগ্রাম অনুযায়ী পরবর্তী সকল পরীক্ষা যথাসময়ে গ্রহণ করতে হবে।